দৈনিক
আমাদের সময়

তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা 7 কলাম 9

# সাঈদীর বিশ্ববিদ্যালয়ে জঙ্গিবাদী বই : ইউজিসি

নিজস্ব প্রতিবেদক ●

রাজধানীর টিকাটুলিতে বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে জঙ্গিবাদী বইয়ের সন্ধান পেয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল ইউজিসির চেয়ারম্যানের নেতৃত্বে আকস্মিক অভিযানে জঙ্গিবাদের উসকানিমূলক বই পায় পরিদর্শক দল।

বিতর্কিত এ বেসরকারি বিশ্ববিদ্যালয়টির প্রতিষ্ঠাতা হচ্ছেন আমৃত্যু কারাদণ্ডপ্রাপ্ত যুদ্ধাপরাধী জামায়াত নেতা দেলাওয়ার হোসেইন সাঈদী। এখন এটি পরিচালনা করছেন এ জামায়াত নেতার বেয়াই বিতর্কিত ধর্মীয় বক্তা কামাল উদ্দিন জাফরী।